

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
Website: www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৮৫.০২৬.০১.০০.০৪৩.২০১৬-১৮৮

তারিখঃ ২৮/৩/২০১৭ খ্রিঃ

বিষয় : ঢাকাস্থ উত্তরা ১৩ নং সেক্টরের পানির স্বল্পতা দূরীকরণের লক্ষ্যে রাজউকের আওতাধীন খালি জায়গা ঢাকা ওয়াসার অনুকূলে ব্যবহারের অনুমতি প্রদান প্রসংগে।


সূত্র : (১) ঢাকা ওয়াসার স্মারক নং-৪৬.১১৩.৪১৪.০০.০০.০৩৮.২০০৮-১২৫, তারিখঃ ২/২/২০১৭ খ্রিঃ
(২) প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০৮২.০৪৮.০১.০১.০১২.১৬ (অংশ-২)৩৮৯, তাং-২৭/০৭/১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকাস্থ উত্তরা ১৩নং সেক্টর কল্যাণ সমিতির সভাপতি ব্রিঃ জেনারেল মোঃ জাহিদ হোসেন (অবঃ) ঢাকা ওয়াসা কর্তৃক পানির পাম্প স্থাপনের লক্ষ্যে রাজউকের উত্তরাস্থ ১৩নং সেক্টরের মহিলা পার্ক সংলগ্ন খালি জায়গা ব্যবহারের অনুমতির জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে আবেদন করেন। তাঁর আবেদনপত্রের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় হতে স্থানীয় সরকার বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। এ বিষয়ে ঢাকা ওয়াসা জানায় যে, উত্তরা ১৩ নং সেক্টরে ঢাকা ওয়াসার দুটি গভীর নলকূপ রয়েছে। একটি নলকূপের উৎপাদন কমে যাওয়ায় এবং গ্রাহকের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় চাহিদার তুলনায় উৎপাদন বৃদ্ধি করা সম্ভব হয়নি। উত্তরা ১৩ নং সেক্টরের মহিলা পার্ক সংলগ্ন রাজউকের পতিত খালি জায়গা ঢাকা ওয়াসার অনুকূলে ব্যবহারের অনুমতি পেলে গভীর নলকূপ স্থাপনের মাধ্যমে পানি সরবরাহ স্বাভাবিক করা সম্ভব।

এমতাবস্থায়, ঢাকাস্থ উত্তরা ১৩ নং সেক্টরের এলাকাবাসীর পানির স্বল্পতা দূরীকরণের লক্ষ্যে একটি গভীর নলকূপ স্থাপনের জন্য রাজউকের আওতাধীন ১৩নং সেক্টরের মহিলা পার্ক সংলগ্ন পতিত খালি জায়গা ঢাকা ওয়াসার অনুকূলে ব্যবহারের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে ৫ ফর্দ।

সচিব
প্ৰহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(ড. কে এম কামরুজ্জামান সেলিম)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৭০
e-mailঃ watersupply_02@yahoo.com

অনুলিপি : (সদয় অবগতির জন্য)

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় তেজগাঁও, ঢাকা (দৃঃ আঃ পরিচালক, প্রশাসন)
- ২। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। ব্রিঃ জেনারেল মোঃ জাহিদ হোসেন (অবঃ), সভাপতি, উত্তরা ১৩ নম্বর সেক্টর কল্যাণ সমিতি, রোড নং-৮, সেক্টর-১৩, উত্তরা, ঢাকা।